তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

কালের কণ্ঠ

# পিস স্কুলের কর্মকাণ্ড তদন্তে শিক্ষা মন্ত্রণালয়ের কমিটি

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের বিভিন্ন স্থানে গড়ে ওঠা পিস স্কুল ও কলেজগুলোর কর্মকাণ্ড সম্পর্কে অনুসন্ধানের জন্য দুই সদস্যের কমিটি করেছে শিক্ষা মন্ত্রণালয়। ১৫ দিনের মধ্যে সারা দেশের পিস স্কুল ও কলেজের কর্মকাণ্ড সম্পর্কে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে ওই কমিটিকে। কমিটির সদস্যরা হলেন উপসচিব সালমা জাহান ও এনামুল হক।

মন্ত্রণালয়ের কমিটির বাইরে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ও শিক্ষা বোর্ডগুলোকেও পিস স্কুল ও কলেজ সম্পর্কে তথ্য সংগ্রহ করার নির্দেশ দেওয়া হয়েছে বলেও জানা গেছে।

খোঁজ নিয়ে জানা গেছে, স্বাধীনতাবিরোধী রাজনৈতিক দল জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরের নেতাদের সরাসরি তত্ত্বাবধানে দেশের বিভিন্ন স্থানে গড়ে উঠেছে পিস স্কুল ও কলেজ। কিন্তু রাজধানীতে অবস্থিত তিনটি প্রতিষ্ঠান ছাড়া আর কোনোটির অনুমোদন নেই। প্রকৃতপক্ষে কতটি প্রতিষ্ঠান আছে, সেগুলোতে কী পড়ানো হচ্ছে সে সম্পর্কে কোনো তথ্য শিক্ষা মন্ত্রণালয়ে নেই। ১ জুলাই গুলশানে জঙ্গি হামলার পর পিস টিভি বন্ধ করে দেওয়ার পর পিস স্কুল ও কলেজগুলোর কর্মকাণ্ড নিয়েও প্রশ্ন ওঠে। এই প্রেক্ষাপটে এসব প্রতিষ্ঠান সম্পর্কে তথ্যানুসন্ধানে উদ্যোগী হয়েছে শিক্ষা মন্ত্রণালয়।